



## দুয়ারে সরকার ও পাড়ায় সমাধান ক্যাম্পে আধার সহায়তা



দুয়ারে সরকার ও পাড়ায় সমাধান ক্যাম্পগুলিতে সরাসরি আধার নিবন্ধীকরণ ও সংশোধন সংক্রান্ত পরিষেবা দেওয়া যাবে না। কারণ, আধার পরিষেবার জন্য ব্যবহৃত মেশিনগুলি “জিও-লোকেশন ফেলিং” দ্বারা আবদ্ধ। এর অর্থ UIDAI অনুমোদিত স্থায়ী আধার কেন্দ্র থেকে সেখানকার কোনো মেশিন স্থানান্তরিত করলে সেগুলির সফটওয়্যার আর কাজ করতে পারে না।

### সারা রাজ্যের বিভিন্ন জেলায় আধার পরিষেবা সংক্রান্ত কয়েকটি তথ্যঃ

- বিভিন্ন জেলায় স্থায়ী আধার কেন্দ্রগুলি থেকে আধার পরিষেবা পাওয়া যাবে।
- প্রতিটি আধার কেন্দ্রের অবস্থান গুগল ম্যাপ থেকেও পাওয়া যাবে।
- প্রতিটি জেলার UIDAI অনুমোদিত স্থায়ী আধার কেন্দ্রগুলির তালিকা থেকে নিকটবর্তী আধার কেন্দ্রগুলির নাম-ঠিকানা সংগ্রহ করে ক্যাম্পে টাঙিয়ে দিলে পরিষেবাপ্রার্থীরা উপকৃত হবেন।
- কোনো গ্রাহকের নতুন আধার নিবন্ধীকরণ বা আধার সংশোধন সংক্রান্ত পরিষেবা প্রয়োজন হলে দুয়ারে সরকার ও পাড়ায় সমাধান ক্যাম্প থেকে তাকে নিকটবর্তী স্থায়ী আধার কেন্দ্রে যাওয়ার পরামর্শ দিতে হবে।
- আধার পরিষেবা সংক্রান্ত যেকোনো ফর্ম আধার কেন্দ্র থেকে বিনামূল্যে পাওয়া যায়।

নতুন আধার কার্ড করতে হলে পরিচিতির প্রমাণ (POI/Proof of Identity) এ ঠিকানার প্রমাণ (POA/Proof of Address) অবশ্যই লাগবে।

- ১। ফটোকপি এক্ষেত্রে গ্রাহ্য নয়।
- ২। ছবিসহ পরিচিতির প্রমাণটিকে (POI) UIDAI-এর তালিকা অনুসারে হতে হবে।
- ৩। ঠিকানার প্রমাণপত্রটিকেও (POA) অবশ্যই UIDAI-এর তালিকা অনুসারে হতে হবে।
- ৪। এর জন্য কোনো ফি লাগে না। এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যায়।

আধার সংশোধনের (Update) ক্ষেত্রে UIDAI-এর তালিকা অনুসারে সংশ্লিষ্ট প্রমাণপত্র লাগবেঃ

- ১। পরিচয় সংক্রান্ত প্রমাণপত্র (POI/Proof of Identity)
- ২। ঠিকানা সংক্রান্ত প্রমাণপত্র (POA/ Proof of Address)
- ৩। সম্পর্ক সংক্রান্ত প্রমাণপত্র (POR/ Proof of Relation)
- ৪। জন্মতারিখের প্রমাণপত্র (DOB/ Date of Birth)
- ৫। বায়োমেট্রিক সংশোধনে (ছবি/হাতের ছাপ/চোখের ছাপ) ফি ১০০টাকা এবং ডেমোগ্রাফিক সংশোধনে (নাম/লিঙ্গ/বয়স/ঠিকানা/ মোবাইল নম্বর/ই-মেইল) ফি ৫০টাকা। এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যায় না।

০-৫ বছর বয়সী শিশুদের আধার কার্ড করার জন্য নিম্নলিখিত প্রমাণপত্র লাগবেঃ

- ১। জন্মের শংসাপত্র (Birth Certificate)
- ২। সম্পর্ক সংক্রান্ত প্রমাণপত্র (Proof of Relation)
- ৩। যিনি শিশুর আধার কার্ডের আবেদন জানাবেন তার (বাবার /মায়ের) আধার কার্ড
- ৪। এই পরিষেবা বিনামূল্যে দেওয়া হয়।

৫ এবং ১৫ বছর বয়সে বাধ্যতামূলক বায়োমেট্রিক সংশোধনের (Update) ক্ষেত্রে কোনো ফি নেওয়া হয় না। এক্ষেত্রে আলাদা করে কোনো প্রমাণপত্র লাগে না। যার আধার তাকে উপস্থিত থাকতে হয়।

পশ্চিমবঙ্গ সরকার